

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



নং-৪৫.০০.০০০০.১৩১.০১২.৮০.২০২০-৪৫


তারিখঃ ১৮/০১/২০২১ খ্রিস্টাব্দ

চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকা।

উপর্যুক্ত বিষয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইতোপূর্বে এ ইউনিটের ১৪/০১/২০২১ খ্রিঃ তারিখের নং-৪৫.০০.০০০০.১৩১.০১২.৮০.২০২০-৪২ সংখ্যক স্মারক মাধ্যমে জনাব মোঃ মাহমুদুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রকাশ করা হয়। এক্ষণে, জনাব মোঃ মাহমুদুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর নিকট হতে প্রকাশিত খসড়া জ্যেষ্ঠতা তালিকা সম্পর্কে মতামত/তথ্য পাওয়া গেছে। প্রাপ্ত আবেদন ও প্রয়োজনীয় তথ্যাদি হতে দেখা যায় যে, জনাব মোঃ মাহমুদুর রহমান ব্যতীত এ ইউনিটে আর কোন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক কর্মরত নাই। উক্ত পদে আর কোন ফিডার পদধারী না থাকায় তিনিই একমাত্র জ্যেষ্ঠ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক। প্রাপ্ত তথ্যাদির আলোকে আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট কর্মচারী নিয়োগ বিধিমালা-২০২০, নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এবং উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা/২০০৫ এর আলোকে আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিটে কর্মরত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকদের চূড়ান্ত জ্যেষ্ঠতা তালিকা নিম্নরূপঃ

ক্রম: নং-	জ্যেষ্ঠতার ক্রম নং-	নাম ও বর্তমান পদবী	জন্ম তারিখ (এসএসসি সনদ অনুযায়ী)	চাকরিতে ১ম যোগদানের তারিখ	চাকরিতে প্রবেশক (রাজস্ব/উন্নয়ন)	বর্তমান পদে যোগদানের তারিখ	চাকরি স্থায়ী/নিয়মিতকরণের তারিখ	শিক্ষাগত যোগ্যতা
১	১	মোঃ মাহমুদুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অডিটর (চঃ দাঃ)	২৭.০২.১৯৭৩	০২.০৫.১৯৯৩	উন্নয়ন	০২.০৫.১৯৯৩	৩০.০৫.২০১০	বি এ

০২। এ ইউনিটে আর কোন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক কর্মরত না থাকায় কোন অভিযোগ, আপত্তি পাওয়া যায়নি। ফলে উক্ত জ্যেষ্ঠতা তালিকা চূড়ান্তরূপে প্রকাশ করা হল।


  
(মোঃ জাহাঙ্গীর হোসেন)  
যুগ্মসচিব  
ফোনঃ ৯৫৪৫৭০৬

নং-৪৫.০০.০০০০.১৩১.০১২.৮০.২০২০-৪৫

তারিখঃ ১৮/০১/২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব (আঃ ব্যঃ অঃ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মোঃ মাহমুদুর রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অডিটর (চঃ দাঃ), এফএমএইউ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। নোটিশ বোর্ড/অফিস কপি।

  
(মোঃ জাহাঙ্গীর হোসেন)  
যুগ্মসচিব